

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৩৭০৫

বিষয়: **MV. HAPPY HERO** জাহাজে আমদানিকৃত মোট ৯,৬০০ (+/-) মে.টন সিদ্ধ চালের চলাচল সূচি (সূচি নং-১৮৫)।

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১৩-০৭-২০২৫ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৪০২.৫০.০০০১.২৫.৭৬২ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১৪-০৭-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.২১০.৫১.০০০১.২৩.২২০৮ নং স্মারক
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা ২৬-০৬-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০০২.২২.১১৭৬ নং স্মারক ও ০৪-০৭-২০২৫ খ্রি.
১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০০২.২২.১২২৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদ ক্রয় চুক্তি নং-১৩.০১.০০০০.০৯৩.৪৬.০২১.২৫.৪১০ তারিখ : ১৭-০৪-২০২৫ (প্যাকেজ-১১) এর অধীনে ৮৩০৭ মে.টন বস্তাবন্দি সিদ্ধচাল নিয়ে MV. HAPPY HERO জাহাজটি ১৬-০৭-২০২৫ খ্রি. তারিখে চট্টগ্রাম বহির্নোঙ্গারে আসার সম্ভাবনা রয়েছে মর্মে স্থানীয় শিপিং এজেন্ট কর্তৃক জানানো হয়েছে। পত্রে আরও উল্লেখ করা হয়েছে, ১৭-১২-২০২০ খ্রি. তারিখে মহোদয় কর্তৃক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও অংশীজনের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার গৃহিত সিদ্ধান্তের আলোকে প্রেরিত প্রস্তাবনা অনুযায়ী খাদ্য অধিদপ্তর কর্তৃক চলাচল সূচি জারির সময় আন্তঃজেলা সূচির পাশাপাশি ৫০:৫০ অনুপাতে স্থানীয় সূচি জারি এবং জাহাজের বি/এল পরিমাণ হতে কমপক্ষে ২০% বেশি চলাচল সূচি জারি, প্রাপক কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি করে প্রাপক কেন্দ্রভিত্তিক সূচির পরিমাণ দূত খালাস উপযোগী পরিমাণে নির্ধারণে বিষয়টি বিশেষভাবে বিবেচ্য। জাহাজের চাল দূত খালাসের স্বার্থে বিষয়ভূক্ত MV. HAPPY HERO জাহাজে পরিবাহিত ৮৩০৭ মে.টন বস্তাবন্দি সিদ্ধ চালের চলাচল সূচি জারির জন্য সূত্রস্থ ১ নং স্মারকে এ দপ্তরে প্রাপ্ত হয়েছে। ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের এলএসডিসমূহে জুলাই/২৫ মাসে ওএমএস, ওএমএস (টিসিবি), ভিডলিউবি, ইপি-ওপি, জিআর, কাবিখা ও অন্যান্য খাতে বিলি-বিতরণ ও মজুত গড়ার লক্ষ্যে চালের চাহিদা সূত্রস্থ ২ নং হতে ৩ নং স্মারকে পত্র এ দপ্তরে প্রাপ্ত হয়েছে।

এমতাবস্থায়, ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডি/সিএসডির খালি জায়গা ও বিভিন্ন খাতে বিলি বিতরণ এবং জাহাজের চাল দূত খালাসের স্বার্থে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রস্তাবের প্রেক্ষিতে সড়ক পথে ২০% চলাচল সূচি নিম্নোক্তভাবে মোট ৯,৬০০ (+/-) মে.টন সিদ্ধ চালের চলাচল সূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

MV. HAPPY HERO জাহাজ হতে সড়ক পথে আমদানিকৃত সিদ্ধ চালের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম বন্দর/ চট্টগ্রাম সাইলো জেটি	নেত্রকোণা	নেত্রকোণা এলএসডি	৩০০	আমদানিকৃত সিদ্ধ চাল	সড়ক পথ	চসনি, চট্টগ্রাম/ সংশ্লিষ্ট জেলাখানিগণ (প্রযোজ্য ক্ষেত্রে) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন
২.	ঐ	ঐ	ময়মনসিংহ	ময়মনসিংহ সিএসডি	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	গাজীপুর	শ্রীপুর এলএসডি	৪০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	কালিগঞ্জ এলএসডি	৪০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	জয়দেবপুর এলএসডি	১০০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	নরসিংদী	রায়পুরা এলএসডি	২০০	ঐ	ঐ	

৭.	ঐ	ঐ	ঢাকা	কোনাখোলা এলএসডি	৫০০	ঐ	ঐ	নীতিমালা, ২০০৮ অনুযায়ী উপসূচি জারি করবেন
৮.	ঐ	ঐ	ঐ	তেজগাঁও সিএসডি	২০০০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	চাঁদপুর	মতলব উত্তর এলএসডি	১০০	ঐ	ঐ	
১০.	ঐ	ঐ	ঐ	ফরিদগঞ্জ এলএসডি	২০০	ঐ	ঐ	
১১.	ঐ	ঐ	ঐ	কচুয়া এলএসডি	১০০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	ঐ	হাজীগঞ্জ এলএসডি	২০০	ঐ	ঐ	
১৩.	ঐ	ঐ	লক্ষ্মীপুর	চরআলেকজান্ডার এলএসডি	২০০	ঐ	ঐ	
১৪.	ঐ	ঐ	কুমিল্লা	ধর্মপুর এলএসডি	২০০	ঐ	ঐ	
১৫.	ঐ	ঐ	কক্সবাজার	টেকনাফ এলএসডি	৫০	ঐ	ঐ	
১৬.	ঐ	ঐ	ঐ	কক্সবাজার এলএসডি	৩৫০	ঐ	ঐ	
১৭.	ঐ	ঐ	খাগড়াছড়ি	দীঘিনালা এলএসডি	৩০০	ঐ	ঐ	
১৮.	ঐ	ঐ	ঐ	তবলছড়ি এলএসডি	২০০	ঐ	ঐ	
১৯.	ঐ	ঐ	ঐ	খাগড়াছড়ি এলএসডি	৩০০	ঐ	ঐ	
২০.	ঐ	ঐ	ঐ	রামগড় এলএসডি	২০০	ঐ	ঐ	
২১.	ঐ	ঐ	ঐ	গুইমারা এলএসডি	২০০	ঐ	ঐ	
২২.	ঐ	ঐ	রাঙ্গামাটি	রাঙ্গামাটি এলএসডি	২০০	ঐ	ঐ	
২৩.	ঐ	ঐ	ঐ	কাউখালী এলএসডি	১০০	ঐ	ঐ	
২৪.	ঐ	ঐ	ফেনী	সোনাগাজী এলএসডি	২০০	ঐ	ঐ	
২৫.	ঐ	ঐ	চট্টগ্রাম	মিরশ্বরী এলএসডি	১০০	ঐ	ঐ	
২৬.	ঐ	ঐ	ঐ	সীতাকুন্ড এলএসডি	১০০	ঐ	ঐ	
২৭.	ঐ	ঐ	ঐ	হালিশহর সিএসডি	১০০০ (+)	ঐ	ঐ	
				মোট =	৯৬০০ (+)			

নির্দেশনাসমূহ:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং ও ২৯-১১-২০২১ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৪৭৮ নং, ২১-১২-২০২২ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ নং স্মারক, ০২-০৫-২০২৩ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ নং এবং ১৪-০৭-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০৮১.১৯.০০০১.১৯.৩৬৮৯ নং স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি/চসনির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচলসূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ

নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ই-মেইলযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। দ্রুত জাহাজ খালাসের লক্ষ্যে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেজন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ উপসূচির মেয়াদ নির্ধারণ করবেন;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জব্বুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৬-০৭-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৩৭০৫/১ (১০)

তারিখ: ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক,।
- ৮। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। ব্যবস্থাপক, সিএসডি।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা , এলএসডি।



(Handwritten signature)

১৬-০৭-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক